# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৪০

৬/ নামাজের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ২১/ ইশার শেষ সময় প্রসঙ্গে।

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ، ح وَأَنْبَأَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قَالَ حَدَّثَنَا خَالِدٌ، قَالاَ حَدَّثَنَا حُمَيْدٌ، قَالَ سُئِلَ أَنَسٌ هَلِ اتَّخَذَ النَّبِيُّ صلى الله عليه وسلم خَاتَمًا قَالَ نَعَمْ أَخَّرَ لَيْلَةً صَلاَةَ الْعِشَاءِ الآخِرَةِ إِلَى قَرِيبٍ مِنْ شَطْرِ اللَّيْلِ فَلَمَّا أَنْ صَلَّى أَقْبَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم عَلَيْنَا بِوَجْهِهِ ثُمَّ قَالَ " إِنَّكُمْ لَنْ تَزَالُوا فِي صَلاَةٍ مَا انْتَظَرْتُمُوهَا " . قَالَ أَنَسٌ كَأَنِّي أَنْظُرُ إِلَى وَبِيصِ خَاتَمِهِ . فِي حَدِيثِ عَلِيٍّ إِلَى شَطْرِ اللَّيْلِ .

বাংলা

৫৪০। আলী ইবনু হুজর ও মুহামদ ইবনু মূসান্না (রহঃ) ... হুমায়দ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আনাস (রাঃ)-কে জিজ্ঞাসা করা হল যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি আংটি ব্যবহার করতেন? তিনি বললেনঃ হ্যাঁ। একদা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইশার সালাত প্রায় অর্ধরাত পর্যন্ত বিলম্ব করে আদায় করলেন এবং সালাতের পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের অভিমুখী হয়ে বললেনঃ তোমরা যতক্ষণ পর্যন্ত সালাতের অপেক্ষা করবে ততক্ষণ পর্যন্ত সালাতের মধ্যেই আছ (বলে গন্য হবে)। আনাস (রাঃ) বলেনঃ আমি ঐ সময় তাঁর (রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর) আংটির উজ্জ্বলতা লক্ষ্য করছিলাম।

আলী ইবনু হুজর-এর হাদিসে 'প্রায় অর্ধ রাত্রির' স্থলে 'অর্ধরাত পর্যন্ত' উল্লেখ রয়েছে।

## English

Humaid said:
"Anas was asked: 'Did the Prophet (ﷺ) use a ring?' He said: 'Yes. One night he delayed the later 'Isha' prayer, until almost halfway through the night. When he prayed the Prophet (ﷺ) turned his face toward us and said: 'You are sill in a state of prayer so long as you waiting for it.'" Anas said: 'It is as if I can see the luster of his ring.' According to the narration of 'Ali - that is, Ibn Hujr - "until halfway through the night."

## ফুটনোট

সহিহ, ইবনু মাজাহ হাঃ ৬৯২, বুখারি হাঃ ৬৬১, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৩৩৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ হুমায়দ ইবনু ‘আবদুর রহমান (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=9690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন